# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

**ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল** বিষয় কোড : | ১ | ৫ | ২ |

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ক বিভাগ : ফিন্যান্স

**১.▶** মিজান পূর্ব পরিকল্পনা ছাড়াই শেয়ারবাজারে অর্থ বিনিয়োগ করে চরমভাবে ক্ষতিগ্রস্ত হন। তবে তিনি তার বন্ধু সবুজের পরামর্শে মাছ চাষ শুরু করেন। তিনি আস্তে আস্তে এ ব্যবসায়ে আরও বেশি বিনিয়োগ করতে উৎসাহী হন।

ক. কোন ধরনের কোম্পানির অর্থায়ন প্রক্রিয়া ভিন্ন ধরনের? ১

খ. পূর্ণাঙ্গ ব্যবসায়ীর স্বতঃস্ফূর্ত ধারণা ব্যাখ্যা করো। ২

গ. শেয়ারবাজারে বিনিয়োগে মিজানের ব্যর্থতার কারণ কী? বর্ণনা করো। ৩

ঘ. মাছ চাষে মিজানের বিনিয়োগ যথাযথ ছিল কিনা? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

**২.▶** রাসেল ৪ বছর পর ১,৭৫,০০০ টাকা পাওয়ার জন্য ব্যাংকে কিছু টাকা জমা রাখতে চান। 'আশা ব্যাংক' তাকে বার্ষিক ১২% চক্রবৃদ্ধি হারে সুদ দেওয়র প্রস্তাব দিয়েছে এবং 'সহসা ব্যাংক' ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি প্রস্তাব দিয়েছে।

ক. চক্রবৃদ্ধি সুদ কী? ১

খ. কখন সূত্রে m যুক্ত করতে হয়? ব্যাখ্যা করো। ২

গ. রাসেল বর্তমানে কত টাকা রাখলে তার আশা পূর্ণ হবে? ৩

ঘ. রাসেল কোন ব্যাংকে টাকা জমা রাখলে লাভবান হবেন? তোমার মতামত দাও। ৪

Teachingbd.com

**৩.▶** অহনা ট্রেডার্স একটি বিনিয়োগকারী প্রতিষ্ঠান গত ৮ বছরে তার প্রাপ্ত আয়ের হার যথাক্রমে ১০%, ২০%, −৫%, ১৫%, ৩৫%, ১০%, ২৫%, ৩০%।

ক. আদর্শ বিচ্যুতি কোন ধরনের পদ্ধতি? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. 'অহনা ট্রেডার্সের' বিনিয়োগের আয়ের গড় থেকে ব্যবধানের বর্গের যোগফল নির্ণয় করো। ৩

ঘ. অহনা ট্রেডার্সের বিনিয়োগের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো এবং আদর্শ বিচ্যুতির সিদ্ধান্ত গ্রহণ নীতি ব্যাখ্যা করো। ৪

**৪.▶** নাহিদ একটি প্রকল্প গ্রহণ করেছেন। প্রকল্পের প্রাথমিক ব্যয় ২৫,০০০ টাকা এবং অবশিষ্ট মূল্য ৫,০০০ টাকা। অবচয় এবং কর প্রদানের পূর্বে উক্ত প্রকল্প হতে প্রথম থেকে পঞ্চম বছর পর্যন্ত যথাক্রমে ৫,০০০ টাকা, ৬,০০০ টাকা, ৭,০০০ টাকা, ৮,০০০ টাকা ও ১০,০০০ টাকা পাওয়া যাবে। করের হার ৫০%। সরলরৈখিক পদ্ধতিতে নাহিদ অবচয় ধার্য করে থাকে।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. পে-ব্যাক পদ্ধতির সীমাবদ্ধতা ব্যাখ্যা করো। ২
গ. নাহিদের প্রকল্পের গড় মুনাফার হার কত? ৩
ঘ. নাহিদের প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৪

**৫.▶** বিটা লি. একটি প্রতিষ্ঠিত কোম্পানি। এ কোম্পানির প্রতিটি ১,০০০ টাকা মূল্যের ১০ বছর মেয়াদি ১৫% অগ্রাধিকার শেয়ার রয়েছে। অগ্রাধিকার শেয়ারগুলো ১০ বছর পর ৫% অধিহারে পরিশোধযোগ্য। বর্তমান কোম্পানি ১০% বাট্টায় এবং ২% বিক্রয় খরচ ধরে শেয়ার বিক্রয় আগ্রহ প্রকাশ করে।
ক. কোন আয়ের কোনো প্রত্যক্ষ ব্যয় নেই? ১
খ. সুযোগ ব্যয় কী? ব্যাখ্যা করো। ২
গ. বিটা লি.-এর প্রদেয় অধিহার ও নিট বিক্রয়মূল্য নির্ণয় করো। ৩
ঘ. বিটা লি.-এর অগ্রাধিকার শেয়ারের ব্যয়ের পরিমাণ কত হবে? তা নিরূপণ করো। ৪

**৬.▶** শাওন শেয়ারের প্রাথমিক বাজারে বিনিয়োগ করলেও দীর্ঘ ১ বছরের লটারিতে তিনি কোনো শেয়ারর পাননি। যে কারণে তিনি অনেকটা রাগ করে কোনো বিবেচনা না করেই অনেক বেশি পরিমাণে সেকেন্ডারি শেয়ার ক্রয় করেন।
ক. প্রাথমিক বাজারের সংজ্ঞা দাও। ১
খ. বন্ড ও ডিবেঞ্চারের পার্থক্য কী? ২
গ. শাওনের কী সেকেন্ডারি শেয়ার ক্রয় করা ঠিক হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. শাওন রাগের কারণে বেশি পরিমাণে যে শেয়ার ক্রয় করেছে তা কীরূপে হয়েছে? তোমার সপক্ষে যুক্তি দাও। ৪

## খ বিভাগ : ব্যাংকিং

**৭.▶** ব্যবাসয়ী মোস্তফিজকে প্রতিনিদন ব্যাংকের সাথে লেনদেন সম্পাদন করতে হয়। এজন্য তিনি অবসর সময়ে ব্যাংক ও ব্যাংকিং নিয়ে স্টাডি করেন। স্টাডিকালীন তিনি জানতে পারেন আধুনিক ব্যাংক ব্যবসায়ের উন্নয়নে ব্যবসায়ী গোষ্ঠীর যথেষ্ট প্রভাব রয়েছে।
ক. LC কী? ১
খ. মুদ্রার সবচেয়ে প্রধান কাজ কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. ব্যাংক ও ব্যাংকিং এর মধ্যে ভিন্নতাগুলো চিহ্নিত করে তার বর্ণনা দাও। ৩
ঘ. 'ব্যাংক ব্যবায়ের উন্নয়নে ব্যবসায়ী গোষ্ঠীর অবদান অপরিসীম'— বক্তব্যের বিশ্লেষণ করো। ৪

**৮.▶** জনাব মল্লিকের ব্যাংকের মূল শ্লোগান হলো গ্রাহক সন্তুষ্টির মাধ্যমে সমৃদ্ধি। গ্রাহকবান্ধব হিসেবে ব্যাংকটি যথেষ্ট সুনাম কুড়িয়েছে। ইতোমধ্যে সামাজিক কার্যক্রমেও কার্যকর ভূমিকা রাখায় ব্যাংকটি পুরস্কার পেয়েছে।
ক. গোপনীয়তার নীতি কী? ১
খ. ব্যাংক ব্যবসায়ের মূলভিত্তি কোনটি? ব্যাখ্যা করো। ২

http://teachingbd.com

গ. জনাব মল্লিকের ব্যাংকটি ভালো করার জন্য কোন নীতি সহায়ক হয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. জনাব মল্লিকের ব্যাংকটির মূলধন গঠনে কোন নীতিটি অধিক ভূমিকা রেখেছে? তা মূল্যায়ন করো। ৪

৯.▶ লিটন মিয়া তার উৎপাদিত পণ্য দেশে-বিদেশে বিক্রি করেন। বর্তমানে তার অর্থ সংকট দেখা দেওয়ায় তিনি বাণিজ্যিক ব্যাংকের দ্বারস্থ হন। ব্যাংক হতে আর্থিক সহায়তা পেয়ে তিনি তার উৎপাদন অব্যাহত রাখেন এবং পণ্য রপ্তানি করতে সক্ষম হন। ফলে প্রচুর বৈদেশিক মুদ্রাও অর্জিত হয়।

ক. ব্যবসায় বাণিজ্য স্থাপন ও সম্প্রসারণে কিসের প্রয়োজন হয়? ১

খ. বিনিময় বিল বাট্টাকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. লিটন মিয়ার ব্যবসায়ে বাণিজ্যিক ব্যাংক কীভাবে সহায়তা করবে? বর্ণনা করো। ৩

ঘ. বৈদেশিক বাণিজ্যের উন্নয়নে ও সম্প্রসারণে বাণিজ্যিক ব্যাংকের ভূমিকা মূল্যায়ন করো। ৪

১০.▶ সুজন একজন চাকরিজীবী। তার মাসিক আয় থেকে কিছু পরিমাণ অর্থ সঞ্চয় করেন। একন্য তাকে ব্যাংকে হিসাব খুলতে হয়েছে। অবশ্যই ব্যাংক হিসাব খোলার পূর্বে সুজন ব্যাংকের দায়িত্ব সম্পর্কে বিশেষ অবগত আছেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ. সঞ্চয়ী হিসাব একজন অব্যবসায়ীর জন্য সুবিধাজনক কেন? ব্যাখ্যা করো। ২

গ. সুজন কোন ধরনের হিসাব খোলেন এবং কেন? ৩

ঘ. উদ্দীপকে গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব বলতে কী বুঝিয়েছেন? বিশ্লেষণ করো। ৪

১১.▶ নাসির তার শ্রেণি শিক্ষকের কাছ থেকে জানতে পারল কেন্দ্রীয় ব্যাংক দেশের সব ব্যাংকের মুরব্বি, পরিচালক ও নিয়ন্ত্রক হিসেবে গোটা ব্যাংকিং ব্যবস্থার প্রাণকেন্দ্র। এ ব্যাংক দেশের অর্থনৈতিক উন্নয়নে নোট ইস্যু করে থাকে। অপরদিকে তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে পরামর্শ দিয়ে বিভিন্নভাবে পরিচালনায় সাহায্য করে।

ক. বাংলাদেশ ব্যাংকের ব্যবস্থাপনা প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন কে? ১

খ. কোন বৈশিষ্ট্যটি কেন্দ্রীয় ব্যাংককে পৃথক মর্যাদা প্রদান করেছে? ব্যাখ্যা করো। ২

গ. অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা করো। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে কেন্দ্রীয় ব্যাংকের অবদান মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ **বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড : | ১ | ৫ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়াকে কী বলা হয়?**
ক বিপণন খ ব্যাংকিং
গ ব্যবস্থাপনা ঘ অর্থায়ন

**২. কারবারি প্রতিষ্ঠানগুলোকে কয়ভাগে ভাগ করা যায়?**
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

**৩. নিচের কোন প্রতিষ্ঠানে অর্থায়ন করা সহজ?**
ক স্কয়ার লি.
খ বাট্টা কোম্পানি
গ মুদিদোকান
ঘ কোহিনুর কেমিক্যাল

**৪. সরকারের ব্যয়ের খাত নয় কোনটি?**
ক আয়কর
খ রাস্তাঘাট
গ সরকারি হাসপাতাল
ঘ প্রতিরক্ষা

**৫. মালিকপক্ষ প্রদত্ত তহবিলকে কোন ধরনের তহবিলের উৎস বলা হয়?**
ক অভ্যন্তরীণ খ বাহ্যিক
গ মধ্যস্থ ঘ কোনোটিই নয়

**৬. অর্থায়নের মুনাফাভত্তিক অভ্যন্তরীণ উৎস কোনটি?**
ক ক্ষুদ্রঋণ খ ঋণপত্র
গ অবন্টিত মুনাফা ঘ লিজিং

**৭. ঋণ গ্রহণের আগে কী যাচাই করতে হয়?**
ক অর্থের সময়মূল্য
খ মূলধন ব্যয়
গ সম্ভাব্য ব্যয়
ঘ পরিশোধ ক্ষমতা

**৮. মেয়াদকাল বা বছর সংখ্যাকে কী দ্বারা প্রকাশ করা হয়?**
ক m খ n
গ i ঘ pv

**৯. অর্থের সময়মূল্য গুরুত্বপূর্ণ, কারণ—**
i. সুযোগ ব্যয়
ii. প্রকল্প মূল্যায়ন
iii. ঋণ গ্রহণ সিদ্ধান্ত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১০. ব্যাংকে টাকা রাখলে বছরে কত বার চক্রবৃদ্ধি হয়?**
ক ১ বার খ ৪ বার
গ ৬ বার ঘ ১২ বার

**১১. খারাপ কোনো ঘটনা ঘটার আশঙ্কাকে কী বলে?**
ক অনিশ্চয়তা খ ঝুঁকি
গ বিপদ ঘ ক্ষতি

**১২. ব্যবসায় প্রতিষ্ঠানে ঝুঁকির সৃষ্টি হয় কোথা থেকে?**
ক বিনিয়োগ থেকে
খ ব্যবসায় থেকে
গ বিচ্যুতি থেকে
ঘ গরমিল থেকে

**১৩. ভবিষ্যত মূল্য কী দ্বারা প্রকাশ করা হয়?**
ক FV খ PV
গ FB ঘ PB

**১৪. কোন ক্ষেত্রে বিনিয়োগকে নগদায়ন করা সময়সাধ্য ও ব্যয়বহুল?**
ক বন্ড খ বিমা কোম্পানি
গ শেয়ার ঘ ব্যবসায় প্রতিষ্ঠান

**১৫. সুদের হার শতকরা ১০ টাকা হলে এখনকার ১০০ টাকা ২ বছর পরে কত টাকার সমান মূল্য বহন করে?**
ক ১১০ খ ১২০
গ ১২১ ঘ ২২০

**১৬. স্থায়ী সম্পত্তি হলো—**
i. জমি
ii. দালানকোঠা
iii. কাগজ ও কালি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

teachingbd.com

১৭. মূলধন বাজেটিং কোন ধরনের সিদ্ধান্ত?
ⓚ ঝুঁকিমুক্ত সিদ্ধান্ত
ⓛ গৌণ সিদ্ধান্ত
ⓜ ঝুঁকি হ্রাসের সিদ্ধান্ত
ⓝ ঝুঁকিযুক্ত সিদ্ধান্ত

১৮. কোনটি নগদ প্রবাহ বৃদ্ধির সাথে জড়িত?
ⓚ বিমা খরচ
ⓛ কাঁচামাল ক্রয়
ⓜ ব্যবসায় সম্প্রসারণ
ⓝ কর্মচারীদের বেতন

১৯. 'কর হ্রাস' ঋণ মূলধন ব্যয়ের কোন ধরনের সুবিধা
ⓚ সর্বোচ্চ সুবিধা
ⓛ সাাধারণ সুবিধা
ⓜ প্রত্যক্ষ সুবিধা
ⓝ পরোক্ষ সুবিধা

২০. ব্যবসায়ের পরিচালনা ব্যয় হলো—
i. কাঁচামাল
ii. অফিস ভাড়া
iii. বিমা খরচ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২১. মূলধন ব্যয় নির্ণয়ের সহজ পদ্ধতি কী?
ⓚ শূন্য লভ্যাংশ
ⓛ স্থির লভ্যাংশ
ⓜ পরিবর্তনশীল লভ্যাংশ
ⓝ সংরক্ষিত আয়

২২. মিঠু ব্যাংক থেকে ১৪% হারে ঋণ গ্রহণ করে, যার কর হার ৪০%। তার করপূর্ব ঋণমূলক ব্যয় কত?
ⓚ ৪০% ⓛ ২০%
ⓜ ১৪% ⓝ ৭%

২৩. কোম্পানির মোট মূলধনের ক্ষুদ্র ক্ষুদ্র অংশকে কী বলে?
ⓚ অগ্রাধিকার শেয়ার
ⓛ শেয়ার
ⓜ ডিবেঞ্চার ⓝ বন্ড

২৪. শেয়ারের দাম কমলে সূচক কী হয়?
ⓚ বাড়ে ⓛ কমে
ⓜ স্থির থাকে ⓝ শূন্য হয়

২৫. বাংলাদেশ ব্যাংক দায়িত্ব পালন করে—
i. মুদ্রা প্রচলন
ii. ঋণদান
iii. ঋণ নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৬. ব্যাংক ঋণের ক্ষেত্রে ঋনের সুদের হার কে নির্ধারণ করে?
ⓚ গ্রাহক ⓛ সরকার
ⓜ ব্যাংক ⓝ রাজস্ব বোর্ড

২৭. কোনটি বিনিয়োগকারীদের নিকট তরল সম্পদ হিসেবে সমাদৃত?
ⓚ সাধারণ শেয়ার
ⓛ অগ্রাধিকার শেয়ার
ⓜ বন্ড
ⓝ ডিবেঞ্চার

২৮. মুদ্রার প্রচলন ঘটে কোন যুগে?
ⓚ আধুনিক যুগে
ⓛ মধ্য যুগে
ⓜ প্রাগৈতিহাসিক যুগে
ⓝ প্রাচীন যুগে

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
আব্দুল্লাহ পড়াশোনা শেষে ব্যাংকার হতে চায়। তবে সে দেশের প্রধান ব্যাংকটিতে চাকরি করতে চায়, যা দেশের প্রধান ব্যাংক হিসেবে অন্যান্য ব্যাংকের অভিভাবক হিসেবে কাজ করে।

২৯. আব্দুল্লাহ কোন ব্যাংকের ব্যাংকার হতে চায়?
ⓚ বাণিজ্যিক ব্যাংক
ⓛ একক ব্যাংক
ⓜ কেন্দ্রীয় ব্যাংক
ⓝ শিল্প ব্যাংকে

৩০. আব্দুল্লাহর ব্যাংকটি—
i. প্রধান ব্যাংক
ii. কেন্দ্রীয় ব্যাংক
iii. অন্যান্য ব্যাংকের ব্যাংক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ |

Teachingbd.com